

তিন-মন্ত্রণালয়ে নতুন সচিব : দপ্তর বদল হয় সচিবের

■ সমকাল প্রতিবেদক
শিক্ষা, ভূমি এবং জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ে নতুন সচিব নিয়োগসহ ছয় সচিবের দপ্তর বদল করা হয়েছে। গতকাল রোববার জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। এ ছাড়া পৃথক আদেশে অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মাহবুব আহমেদকে দুই বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হয়েছে।

শিক্ষা সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন বিসিএস প্রশাসন একাডেমির রেঞ্জার (সচিব) মো. সোহরাব হোসাইন। অন্যদিকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মেহবাহ উল আলম ভূমি সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন। শিক্ষা সচিব নজরুল ইসলাম খান ৩০ নভেম্বর অবসরে যাব। এর আগে ২৫ অক্টোবর ভূমি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোহাম্মদ শফিউল আলমকে মন্ত্রিপরিষদ সচিব নিয়োগ দেওয়া হয়। এর পর থেকে এ দুটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের সচিবের পদ খালি ছিল।

সোহরাব হোসাইন গত বছরের ১০ নভেম্বর বিসিএস প্রশাসন একাডেমির রেঞ্জার হিসেবে যোগ দেন। এর আগে তিনি শিক্ষা মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের মুখ্য সচিব (এপিডি) হিসেবে দায়িত্ব পালন করেছেন। ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

তিন মন্ত্রণালয়ে

[তৃতীয় পৃষ্ঠার পর]

সোহরাব হোসাইন প্রশাসন ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা। নতুন ভূমি সচিব মেহবাহ উল আলম ১৯৮২ নিয়মিত ব্যাচের বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা। তিনি সচিব হিসেবে এর আগে পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেছেন। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব নাজিমউদ্দিন চৌধুরীকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ভারপ্রাপ্ত সচিব করা হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব আবু বকর সিদ্দিক ৩০ নভেম্বর যারা গেলে পদটি খালি হয়। নাজিমউদ্দিন চৌধুরী এর আগে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব (পুলিশ) হিসেবে দায়িত্ব পালন করেন। এ ছাড়া পরিকল্পনা কমিশনের সদস্য মো. হুমায়ুন খালিদকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব করা হয়েছে। ভূমি আপিল বোর্ডের চেয়ারম্যান মো. আবদুর রব হাওলাদারকে পরিকল্পনা কমিশনের সদস্য এবং বাহরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক এন এম. জিয়াউল আলমকে মন্ত্রিপরিষদ বিভাগের ভারপ্রাপ্ত সচিব (সমঝয় ও সংস্কার) নিয়োগ দেওয়া হয়েছে।